ধর্মসংস্কার আন্দোলোনে জুইংলীর ভূমিকা কি ছিল? (প্রশ্নমান-৫ )

UG 4th sem. History(H), Paper-CC-8

Shyamapada Shit(Asst.Professor of History)

ষোড়শ শতকে জার্মানীতে মার্টিনলুথারের ধর্মসংস্কার আন্দোলন ও কৃষক বিদ্রোহ এক অশান্ত পরিবেশ তৈরী হয়। এই অশান্ত পরিবেশ ইউরোপের অন্যান্য স্থানে বিস্তারলাভ করে। সুইজারল্যান্ডেও এই সংস্কারবাদী আন্দোলনের ঢেউ এসে পৌছয়। সুইজারল্যান্ডে ধর্মসংস্কার আন্দোলনে যিনি মূখ্য ভূমিকা পালন করেছিলেন তিনি হলেন জুইংলী । জুইংলী সুইজারল্যান্ডে এক কষক পরিবারে জন্মগ্রহন করেছিলেন। তিনি ছিলেন অত্যন্ত দরিদ্র পরিবারের সন্তান, তা স্বত্বেও বিশ্ববিদ্যালয় থেকে তিনি শিক্ষালাভ করার সুযোগ পেয়েছিলেন।এরপর গ্রেরেস নামে একটি সুইজ ক্যান্টনে যাজক হিসাবে কর্মজীবন শুরু করেছিলেন। ১৫১৮ সালে জুইংলী জুরিখে প্রধান পুরোহিত হিসাবে নিযুক্ত হন।

নবজাগরনের সময় সুইজারল্যান্ডে যে নতুন চর্চার শুরু হয়েছিল তার সূচনা করেছিলেন জুইংলী। সুইজারল্যান্ডে ধর্মসংস্কার আন্দোলনে তিনি নেতৃত্ব দিয়েছিলেন। জুইংলী বলেছিলেন বাইবেলের ওল্ড ও নিউ টেস্টামেন্ট যা স্পষ্ট ভাবে লিখিত হয়নি তাকে বিশ্বাস করা কোনমতে ঠিক নয়। ১৫২২ সালে জুইংলী ক্যাথলিক সম্প্রদায়ের মানুষদের উপবাস করাকে তিব্র নিন্দা করেছেন। এই সর্ম্পকে Richard Hooker মন্তব্য করেছেন " Not only were practices not contained in scriptures to be shunned,but practices,beliefs,and rules that were contained in the literal meaning of the Old and New Testaments were to be adhered to and uncritically,, জুইংলীর এই মতবাদ চরমপন্থী প্রোটোস্ট্যান্ট ও ইংল্যান্ডের পিউরিটান আন্দোলনের পথপ্রর্দশক ছিল। জুইংলী ধর্মীয়,সামাজিক, ও নৈতিক অনুশাসনের উপর ভিত্তিকরে এক প্রোটিস্ট্যান্ট সমাজ গড়ে তুলতে চেয়েছিলেন। Baptism,Rebaptism and Infant Baptism তে জুইংলী ক্যাথলিক ও আনাব্যাপটিস্টদের তিব্র নিন্দা করেছেন।

জুইংলী পরিচালিত পোপ বিরোধী আন্দোলন একটি গনতান্ত্রিক ভূমিকা ছিল। এই আন্দোলনের অনেক সিধান্ত নেওয়া হয়েছিল জনগনের সঙ্গে সভাকরে।যেমন ১৫২৩ সালে জুইংলী একটি সভা ডেকে ছিলেন সেখানে পোপের নিকট ৬৭টি বিরুদ্দ প্রশ্ন উথাপিত করেন। এই ভাবে জুইংলী তার পোপ বিরোধী আন্দোলনের মধ্যদিয়ে একথা বলতে চেয়েছিলেন যে পোপ নয়, যিশুখ্রীষ্টই হলেন চার্চের একমাত্র প্রভূ।তিনি বলেছিলেন সমস্ত খ্রীষ্টানদের রাষ্ট্রীয় আনুগত্য মেনে চলা উচিত।

Scanned with CamScanner

জুইংলীর মতবাদের সামাজিক প্রভাবছিল খুবী তাৎপর্যপুর্ন। এই আন্দোলনের প্রভাবে সুইজারল্যান্ডে অসংখ্য মঠের বিলোপ হয়। আর যে সমস্ত মঠ তাদের অস্তিত্ব রক্ষা করেতে সক্ষম হয়েছিল সেগুলি দরিদ্র মানুষদের সেবার জন্য নিয়োজিত হয়েছিল।জুইংলীর মতবাত গভীরভাবে প্রভাবিত করেছিল জুরিখ শহর ও সুইস রাষ্ট্র সমবায়ে। সুইজারল্যান্ডের শাসন ব্যবস্তা, বিশেষ করে জুরিখের নগর পরিষদ রিফর্মেশনের এই পর্যায়ে একটি বড় ভূমিকা পালন করেছিল জুইংলীর সংস্কারবাদী আন্দোলন। তার এই মতবাদ জনগনকে আকৃষ্ট করেছিল। জুইংলীর স্মৃতি ও কার্যধারা তাঁর অনুগামুরা দীর্ঘদিন বাঁচিয়ে রেখেছিলেন।

## <u>Short Questions CC-8 2marks</u>

### ১। দ্বাদশ আরটিক্যাল বলতে কি বোঝ?

১৫২৪-১৫২৬ সাল পর্যন্ত জার্মান কৃষকদের সঙ্গে ভশ্বামীদের মধ্যে সংঘাত চরমে পৌছয়। কৃষকদের এই অসন্তোষ ধূমায়িত হয়েছিল তা ষোড়শ শতকের প্রথমে প্রকাশ পায়। কৃষকদের এই প্রধান অভিযোগগুলি নথিবদ্ধ হয়েছিল তাদের এক ইস্তাহারে যাকে সাধারন ভাবে বলা হয় দ্বাদশ আরটিক্যাল (১৫২৫)।

২। Edict of Nantes বলতে কি বোঝ?

ফ্রান্সে ধর্ম সংক্রান্ত সংঘর্স ক্রমশঃ চরমে পৌছয়, কেলভিন পন্থী এই আক্রমনের ফলে কতজন নিহিত হয়েছিলেন তাকে কেন্দ্র করে বির্তক লক্ষ করা যায় শেষ পর্যন্ত যুদ্ধ বিরতি চ্যুক্তি ,যা নান্টের ঘোষনা পত্রের Edict of Nantesমাধ্যমে প্রচারিত হয় ৩০শে এপ্রিল ১৫৯৮ সালে এখানে প্রোটোস্ট্যান্ট ও ক্যাথলিকদের সমান গুরুত্ব দেওয়া হয়েছিল। উভয় গোষ্টীকে রাজনৈতিক স্বাধীনতা দেওয়া হয়েছিল।

৩। **জেসুইট সম্প্রদায় কারা ছিলেন?**

১৫৪৬ সালে ক্যাথলিক ধর্মবিশ্বাসীদের ভেতর থেকে উদ্ভব হয় এক নতুন গোষ্ঠী যা জেসুইট সম্প্রদায় নামে পরিচিত। ধর্মসংস্কার আন্দোলন পর্বে জেসুইটদের ব্যপক অবদান ছিল। রোমান ক্যাথলিক চার্চের হৃত গৌরব পুনরুদ্দারর জেসুইটদের সাফল্য ছিল ঈর্ষনীয়। জেসুইট গোষ্টীর প্রতিষ্টা হয়েছিল এগনাটিয়াস লায়লা নামক এক ব্যাক্তির উদ্যেগে(১৪৯১-১৫৫৬) *জেসুইট* দের মূল লক্ষ ছিল সেবার মাধ্যমে মানুষকে ধর্মপথে নিয়ে আসা।জেসুইট দের মধ্যে মানবতাবাদী এরাসমাসের আর্দশের প্রতিফলন লক্ষকরা যায়।

৪। **হিউগনেট কারা ছিলেন?**

হিউগনেট কথাটির দ্বারা ফ্রান্সের সংস্কারবাদী প্রটেস্ট্যান্ট চাচেরর সংস্কারবাদীদের চিহ্নিত করা হয়েছে।এরা ছিলেন ফ্রান্সের কেলভিন সম্প্রদায়ভুক্ত। এই গোস্টীর সকলেই জন কেলভিনের

Scanned with CamScanner

ধর্মশাস্ত্র ব্যাক্ষা বিশ্বাস করতেন। হিউগনেটদের উৎপত্তি কিভাবে হয়েছিল সে সম্পর্কে সঠিক ভাবে কোন কিছুজানতে পারা যায়নি। তবে হিউগনেট শব্দের উৎপত্তি হয়েছিল ১৫৬০ সালে ফ্রান্সে।

**৫। স্টার চেম্বার বলতে কি বোঝ?**

সপ্তম হেনরীর কাউন্সিলের পরিধি ছিল অনেক ব্যাপক, এখানে নিয়মিত শাসন ও বিচার বিভাগের মধ্যে কোন প্রকার পাথক্য করা হতোনা। কাউন্সিলের এই অধিবেসন নিয়মিত আহ্বানকরা হত । এবং এই উদ্দেশ্যে কাউন্সিলের সদস্যগন যে দুটি ঘর ব্যবহার করতেন তাকে বলা হয় স্টার চেম্বার ।এই কাউন্সিল উচ্চন্যায়ালয় হিসাবে কাজ করতেন।

**৬। মাইকেল এঞ্জেলো কে ছিলেন?**

নবজাগরনের যুগে ইতালীর মানুষজন পেয়ে ছিলেন একজন বিখ্যাত ব্যাক্তিকে যার নাম মাইকেল এঞ্জেলো( ১৪৭৫-১৫৬৮)। মাইকেল এঞ্জেলো ছিলেন একজন প্রকৃত নবজারনের ব্যাক্তি। তিনি ছিলেন একধারে চিত্র শিল্পী, স্থপিত, ভাস্কর, ও কবি।শিল্পীর প্রথম সৃষ্টিছিল Holy Family মাইকেল এঞ্জেলো ১৫০৫ সালে এঁকে ছিলেন। মাইকেল এঞ্জেলোর হাতে সিসটাইন চ্যাপেল এক নতুন রুপ লাভ করেছিল।এখানে প্রতিফলিত হয়েছিল এই মহান শিল্পীর কল্পনা শক্তি।

Scanned with CamScanner